গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০১.২৩-৪৯৭

তারিখ : ১২ পৌষ ১৪৩০
২৭ ডিসেম্বর ২০২৩

**বিষয় : পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্র।**

পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভা ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ০২:৩০ ঘটিকায় সচিব মহোদয়ের সভাপতিত্বে নাজিয়া সালমা ভবনের (১৯ নম্বর ভবন) সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। সভার কার্যপত্র অনুযায়ী তাঁর শাখা/বিভাগ/সংস্থার হালনাগাদ তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যপত্র নয় পৃষ্ঠা।

২৭/১২/২৩

(মোঃ আনোয়ার উজ জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪৮১১৩৩৫১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১) মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
২) প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪) যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫) যুগ্মপ্রধান (সকল), সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬) উপসচিব/উপপ্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭) নির্বাহী প্রকৌশলী, ই/এম বিভাগ-৭ গণপূর্ত বিভাগ, জাতীয় সংসদ ভবন, ঢাকা।
৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯) সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), পরিকল্পনা বিভাগ, ঢাকা (Website এ প্রকাশের অনুরোধসহ)।
১১) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, সচিবালয় ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা।
১২) সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩) মেডিকেল অফিসার, স্বাস্থ্য কেন্দ্র, পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৪) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-৩, পরিকল্পনা কমিশন চত্বর, শেরেবাংলা নগর, ঢাকা।
১৫) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৪, জাতীয় সংসদ ভবন, শেরেবাংলা নগর, ঢাকা।
১৬) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, মেইনটেন্যান্স শাখা ও সহকারী প্রোগ্রামার, ই-সার্ভিস শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৭) বাজেট অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরী অফিসার/ডকুমেন্টেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-১৪, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।
১৯) উপ-পুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২) সদস্যের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা [সদস্য (সিনিয়র সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩) সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) সদস্যের একান্ত সচিব, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫) সদস্যের একান্ত সচিব, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬) সদস্যের একান্ত সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭) সদস্যের একান্ত সচিব, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮) সদস্যের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা

**বিষয় : ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠেয় পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভার কার্যপত্র।**

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন:**<br>২৩.১১.২০২৩ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ প্রয়োজন। | ২৩ নভেম্বর ২০২৩ তারিখ অনুষ্ঠিত সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণী ০৩.১২.২০২৩ তারিখে জারি করা হয়েছে। কোন সংযোজন/সংশোধন না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে *(লিংক সংযুক্ত)।* | যুগ্মসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ |
| ২। | **প্রকল্প প্রক্রিয়াকরণ:**<br>(ক) উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্যাদি পিপিএম সফ্‌টওয়্যারে নিয়মিত আপডেট করতে হবে। | (ক) উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্যাদি পিপিএম সফটওয়্যারে আপডেট করা হচ্ছে। নভেম্বর, ২০২৩ মাসে পিপিএম সফ্‌টওয়্যার হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী-<br>❖ ২০২৩-২৪ অর্থবছরে<br>▪ এডিপিতে বরাদ্দবিহীন অন্তর্ভুক্ত প্রকল্পের সংখ্যা ১২০৬টি;<br>▪ তন্মধ্যে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ৯৭০টি;<br>▪ বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে ২৩৬টি;<br>▪ সম্পূর্ণ জিওবি অর্থায়নে অনুমোদিত প্রকল্পের সংখ্যা ১৪১টি;<br>▪ বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে অনুমোদিত প্রকল্পের সংখ্যা ১৭টি;<br>▪ প্রক্রিয়াধীন প্রকল্পের সংখ্যা ৯৫টি;<br>❖ নভেম্বর ২০২৩ মাসে<br>▪ পিইসি/এসপিইসি'র সংখ্যা ৮টি;<br>▪ অনুমোদিত প্রকল্পের সংখ্যা ২০টি;<br>▪ পিইসি/এসপিইসি হয়নি বা প্রক্রিয়াধীন প্রকল্প সংখ্যা ৬৪টি;<br>❖ ২০-কার্যদিবসের মধ্যে পিইসি/এসপিইসি হয়নি এরূপ প্রকল্পের সংখ্যা ২৩টি।<br>*(পিপিএম সফটওয়্যারের তথ্য, লিংক সংযুক্ত)।* | প্রধান (সকল সেক্টর/ডিভিশন) পরিকল্পনা কমিশন এবং প্রকল্প পরিচালক এসডিবিএম প্রকল্প |
| | (খ) এখন থেকে মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত সকল উন্নয়ন প্রকল্পের অনুমোদন সংক্রান্ত পত্রের কপি একনেক অধিশাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | (খ) মাননীয় পরিকল্পনা মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অনুমোদন সংক্রান্ত পত্রের কপি একনেক অধিশাখায় প্রেরণ করা হয় *(লিংক সংযুক্ত)।* | |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (গ) একনেক কর্তৃক অনুমোদিত সকল প্রকল্পের পাশাপাশি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত সকল উন্নয়ন প্রকল্পের তথ্য একনেক অধিশাখা কর্তৃক "ডিজিটাল ডাটাবেইজ ও আর্কাইভ সিস্টেম "(DDAS)" এ নিয়মিতভাবে অন্তর্ভুক্ত করতে হবে। | (গ) একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্পের পাশাপাশি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত সকল উন্নয়ন প্রকল্পের তথ্য একনেক অধিশাখা কর্তৃক "ডিজিটাল ডাটাবেইজ ও আর্কাইভ সিস্টেম "(DDAS)" Software এ নিয়মিতভাবে সংরক্ষণ করা হচ্ছে। | |
| ৩। | **PPS Software এর মাধ্যমে উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ:**<br>(ক) PPS Software এর মাধ্যমে প্রকল্প প্রস্তাব দাখিল করার জন্য পিইসি সভার মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহকে নির্দেশনা প্রদান করতে হবে।<br>(খ) প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)'র সভায় PPS Software এর মাধ্যমে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ ও অনুমোদন সংক্রান্ত প্রশিক্ষণ এর বিষয়ে মন্ত্রণালয়/বিভাগসমূহকে অবহিত করতে হবে।<br>(গ) সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের সকল সদস্য এবং বিভাগ প্রধানকে PPS Software সম্পর্কে সম্যক অবহিতকরণের জন্য একটি ওরিয়েন্টেশন/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br>(ঘ) উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণের সাথে সংশ্লিষ্ট পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল কর্মকর্তা/ কর্মচারীদের PPS Software এর ওপর পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>(ঙ) সকল মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা /কর্মচারীদের PPS Software এর ওপর প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | (ক) পিইসি সভায় PPS Software এর মাধ্যমে প্রকল্প দাখিলের বিষয়ে নির্দেশনা প্রদান করা হচ্ছে।<br>(খ) এ বিষয়ে মন্ত্রণালয়/বিভাগসমূহকে অবহিত করা হচ্ছে।<br>(গ) সিদ্ধান্ত মোতাবেক PPS Software সহ AMS, DRIP, MAF এবং SAF সম্পর্কে সম্যক অবহিতকরণের জন্য ২৯/১১/২০২৩, ০৪/১২/২০২৩ এবং ০৫/১২/২০২৩ তারিখে ৩টি লার্নিং সেশন অনুষ্ঠিত হয়েছে।<br>(ঘ) সিদ্ধান্ত মোতাবেক ২৮-৩০ ডিসেম্বর, ২০২৩ তারিখ তিন দিন ব্যাপী PPS Software ব্যবহার বিষয়ক একটি কর্মশালা অনুষ্ঠিত হবে।<br>(ঙ) PPS Software এর ওপর প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। | প্রধান (সকল সেক্টর/ডিভিশন) পরিকল্পনা কমিশন, প্রকল্প পরিচালক SDPP প্রকল্প, ও সিনিয়র সিস্টেম এনালিস্ট পরিকল্পনা বিভাগ |
| ৪। | **শূন্য পদ পূরণ:**<br>(ক) পদ সংরক্ষণের জন্য সম্মতি প্রাপ্ত পদসমূহ সংরক্ষণের চূড়ান্ত আদেশ জারি করতে হবে। | (ক) পদ সংরক্ষণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি পাওয়ার পর চূড়ান্ত জিও জারি করা হয়েছে এবং পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (খ) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ও বাজেট অফিসারের শূন্যপদ দ্রুত পূরণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং পিএসসি'র সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (খ) পরিকল্পনা বিভাগের সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী এবং বাজেট অফিসার পদে ৪০তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত নন এমন ০২জন প্রার্থীকে নিয়োগের সুপারিশ করা হয়েছে। প্রার্থীদের প্রাক-চাকরি জীবন বৃত্তান্ত যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৫/১০/২০২৩ তারিখ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র দেওয়া হয়েছে। | |
| ৫। | **বিআইডিএস এর শূন্য পদ পূরণ:**<br>বিআইডিএস এর সকল শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণপূর্বক গৃহীত সুনির্দিষ্ট কার্যক্রম পরবর্তী সমন্বয় সভার পূর্বে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। | বিআইডিএস এর সিনিয়র রিসার্চ ফেলো ও রিসার্চ ফেলোর শূন্য পদ পূরণের লক্ষ্যে ১৬ অক্টোবর ২০২৩ তারিখে এবং পোস্ট ডক্টরাল ফেলোর শূন্য পদ পূরণের লক্ষ্যে ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের প্রেক্ষিতে সিনিয়র রিসার্চ ফেলো পদে ৩২টি, রিসার্চ ফেলো পদে ২৭টি এবং পোস্ট-ডক্টরাল পদে ২৮টি আবেদনপত্র পাওয়া গেছে। নিয়োগের পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>বিআইডিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণির ০৫টি শূন্য পদ পূরণের লক্ষ্যে শীঘ্রই পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। | মহাপরিচালক (বিআইডিএস) |
| ৬। | **পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস:**<br>(ক) পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের ৩৩টি ক্যাডার পদ সৃজনের বিষয়ে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) আইসিটি সেলের জনবল বৃদ্ধিসহ বিশেষ ক্যাটাগরিতে অন্তর্ভুক্তকরণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে আলাদা প্রস্তাব প্রেরণ করতে হবে। | (ক) পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের ৩৩টি ক্যাডার পদ সৃজনের বিষয়ে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির আগামী সভায় বিষয়টি অন্তর্ভুক্ত হতে পারে বলে আশা করা যায়।<br>(খ) পরিকল্পনা বিভাগের আইসিটি সেলকে বড় ক্যাটাগরি হতে পরিবর্তন করে ক্যাটাগরি বহির্ভূত করার বিষয়টি পুনর্বিবেচনার জন্য ০৩/১২/২০২৩ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |
| ৭। | **পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতের অডিট আপত্তি:**<br>অনিষ্পন্ন ২টি অডিট আপত্তি নিষ্পত্তির সর্বশেষ অগ্রগতি পরবর্তী সমন্বয় সভার পূর্বে সমন্বয় শাখাকে অবহিত করতে হবে। | ০৯/১১/২০২৩ তারিখে সংশ্লিষ্ট শাখার জবাবের প্রেক্ষিতে যথাযথ প্রমাণকসহ ০২টি অডিট আপত্তির ব্রডশিটের পুনঃজবাব আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণের পরিপ্রেক্ষিতে ০১টি (SFI) অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ০১টি *(লিংক সংযুক্ত)।* | যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮। | **পরিকল্পনা বিভাগের উন্নয়ন খাতের অডিট আপত্তি:** উন্নয়ন খাতের ২৭টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে ত্রি-পক্ষীয় সভা আয়োজন করে সর্বশেষ অগ্রগতি পরবর্তী সমন্বয় সভার পূর্বে সমন্বয় শাখাকে অবহিত করতে হবে। | পরিকল্পনা বিভাগের উন্নয়ন খাতে ২০১০-১১ হতে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত উত্থাপিত ১১২টি অডিট আপত্তির মধ্যে ইতোমধ্যে ৮৯টি আপত্তি নিষ্পত্তি হয়েছে, যার জড়িত টাকার পরিমাণ ১৩১.০৩৬৭ কোটি টাকা। বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ২৩টি, যার জড়িত টাকার পরিমাণ ৪.৬১২১ কোটি টাকা। অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যহত আছে *(লিংক সংযুক্ত)।* | অতিরিক্ত সচিব (এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ (প্রকল্প পরিচলকের অনুপস্থিতিতে সংশ্লিষ্ট বিভাগের প্রধান) |
| ৯। | **বিআইডিএস এর অডিট আপত্তি:** বিআইডিএস এর অনিষ্পন্ন ২টি অডিট আপত্তির সাথে জড়িত টাকা বিধি মোতাবেক সরকারি কোষাগারে পরিশোধ করে আপত্তি ০২টি নিষ্পত্তিপূর্বক হালনাগাদ তথ্য পরবর্তী সমন্বয় সভার পূর্বে পরিকল্পনা বিভাগের সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | বিআইডিএস এর অনিষ্পন্ন ২টি অডিট আপত্তির সাথে জড়িত ৬,৩৯,২০৬/- টাকা। অনিষ্পন্ন ২টি আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যহত আছে। | মহাপরিচালক বিআইডিএস, যুগ্মসচিব (প্রশিক্ষণ, বাজেট ও এপিএ) পরিকল্পনা বিভাগ |
| ১০। | **শাখা পরিদর্শন:** সচিবালয় নির্দেশমালা অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নির্ধারিত সময় অন্তর যথাযথ নিয়ম অনুসরণপূর্বক শাখা পরিদর্শনের মাধ্যমে শাখার কাজের মান বৃদ্ধি করতে হবে এবং শাখার সমস্যা নিরূপণ করে তা সমাধানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **পরিকল্পনা বিভাগ:** বিবেচ্য মাসে পরিকল্পনা বিভাগের ৬জন কর্মকর্তা (প্রশাসন শাখা-১, ২ ও ৩, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, লাইব্রেরী শাখা, ই-সার্ভিস শাখা) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন।<br>**পরিকল্পনা কমিশন:** সাধারণ অর্থনীতি বিভাগের ১জন কর্মকর্তা (মাল্টি সেক্টারাল ইস্যুজ ও সমন্বয় অনুবিভাগ শাখা-১) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন।<br>কার্যক্রম বিভাগের ২জন কর্মকর্তা (পিআইএম রিফর্ম এবং শিল্প ও শক্তি অনুবিভাগের শাখা-২ এবং পিআইএম রিফর্ম এবং শিল্প ও শক্তি) নিজ শাখা/অধিশাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন/অতিরিক্ত সচিব (সকল)/যুগ্মসচিব (সকল)/উপসচিব (সকল)/সিনিয়র সহকারী সচিব (সকল)/সহকারী সচিব (সকল) পরিকল্পনা বিভাগ |
| | | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী প্রতিষ্ঠানের সকল শাখা নিয়মিতভাবে পরিদর্শন করা হচ্ছে। সর্বশেষ ০৭ নভেম্বর ২০২৩ তারিখ বিআইডিএসের সকল শাখা পরিদর্শন করা হয় এবং এ সংক্রান্ত প্রতিবেদন ০৮ নভেম্বর ২০২৩ তারিখ সমন্বয় শাখায় প্রেরণ করা হয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস) |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১। | **নথি বিনষ্টকরণ:**<br>সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিয়মিত পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশন এবং বিআইডিএস কর্তৃক যথানিয়মে নথি বিনষ্ট করতে হবে। | (ক) সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিয়মিতভাবে স্ব-স্ব কার্যালয়ের বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন করে পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনসমূহ এবং বিআইডিএস কর্তৃক যথানিয়মে বিনষ্ট করা হয়।<br><br>(খ) কার্যক্রম বিভাগ ও পরিকল্পনা বিভাগের প্রশিক্ষণ অধিশাখা কর্তৃক বিনষ্টযোগ্য নথিসমূহের তালিকা প্রস্তুত করে তা বিনষ্ট করা হয়েছে এবং ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রমাণক পরিকল্পনা বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করা হয়েছে। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন, যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ<br>ও<br>যুগ্মসচিব (সকল) পরিকল্পনা বিভাগ |
| ১২। | **ই-নথির ব্যবহার:**<br>এপিএ-এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে এবং এখন থেকে ই-নথির মাধ্যমে সকল শাখা হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নথি উপস্থাপন করতে হবে। | **পরিকল্পনা বিভাগ:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা অক্টোবর মাসে ১৯৩টি এবং নভেম্বর মাসে ৩৩২টি। সিদ্ধান্ত অনুযায়ী অক্টোবর মাসের তুলনায় নভেম্বর মাসে ই-নথির ব্যবহার বৃদ্ধি পেয়েছে।<br><br>**পরিকল্পনা কমিশন:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা অক্টোবর মাসে ৭৩৭টি এবং নভেম্বর মাসে ৪৯৯টি। অক্টোবর মাসের তুলনায় নভেম্বর মাসে ই-নথির ব্যবহার হ্রাস পেয়েছে।<br><br>**বিআইডিএস:**<br>ই-নথিতে উপস্থাপিত নথির সংখ্যা অক্টোবর মাসে ১৩৬টি এবং নভেম্বর মাসে ১১৪টি। অক্টোবর মাসের তুলনায় নভেম্বর মাসে ই-নথির ব্যবহার হ্রাস পেয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস)/ সকল কর্মকর্তা পরিকল্পনা কমিশন/ পরিকল্পনা বিভাগ |
| ১৩। | **মামলা মোকাদ্দমার ফলোআপ:**<br>চলমান মামলা নিষ্পত্তির কার্যক্রম নিয়মিত ফলোআপ করতে হবে এবং হালনাগাদ তথ্য পরবর্তী মাসিক সমন্বয় সভার পূর্বে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | পরিকল্পনা বিভাগের নিম্নোক্ত ২টি মামলা মহামান্য আদালতে চলমান রয়েছে:<br>(i) রিট পিটিশন নং-৯০৫৩/২০১৯, প্রকল্পের জনবল রাজস্ব খাতে স্থানান্তর সংক্রান্ত। মামলাটি ২৫নং কোর্টে রুল এর অপেক্ষায় রয়েছে।<br>(ii) রিট পিটিশন নং-৬১৫৭/২০২১, পারিবারিক পেনশন সংক্রান্ত। মামলাটি ১৭ নং কোর্টে শুনানীর অপেক্ষায় রয়েছে। | যুগ্মসচিব (আইন) পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৪। | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস):**<br>প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করে প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তিকরণপূর্বক প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। নভেম্বর ২০২৩ মাসে কোন অভিযোগ পাওয়া যায়নি। | ফোকাল পয়েন্ট (জিআরএস)<br>ও<br>গবেষণা কর্মকর্তা কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| ১৫। | **তথ্য অধিকার:**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়। স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্যের তালিকা ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস)<br>এবং<br>তথ্য প্রদানকারী কর্মকর্তা/ বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা পরিকল্পনা বিভাগ |
| ১৬। | **প্রশিক্ষণ:**<br>(ক) ডাটাবেইজে কর্মকর্তা/ কর্মচারীদের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>(খ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তাদের তালিকা হতে ০১(এক) জন কর্মকর্তার বিগত ১(এক) বছরের প্রশিক্ষণের তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (ক) মার্চ, ২০২২ থেকে নভেম্বর, ২০২৩ পর্যন্ত পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনের কর্মকর্তা/ কর্মচারীগণের স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের তথ্য নিয়মিত হালনাগাদ করা হয়েছে।<br>(খ) সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উপস্থাপন করবেন। | যুগ্মসচিব (প্রশিক্ষণ), প্রকল্প পরিচালক (সকল)<br>ও<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট পরিকল্পনা বিভাগ |
| ১৭। | **সিটিজেন চার্টার:**<br>(ক) পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা এবং বিআইডিএস এর সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) প্রমাণক এপিএ শাখায় প্রেরণ করতে হবে। | (ক) পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সকল শাখা/অধিশাখা এবং বিআইডিএস এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদপূর্বক প্রথম ত্রৈমাসিক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>(খ) প্রমাণক হিসেবে হালনাগাদ প্রতিবেদন প্রেরণের নিমিত্ত পত্র প্রেরণ করা হয়েছে। ২য় ত্রৈমাসিক পর্যন্ত ০২টি শাখা হতে হালনাগাদ প্রতিবেদন পাওয়া গিয়েছে।<br>বিআইডিএস এর সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করা হয়। সর্বশেষ ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ সিটিজেন চার্টার হালনাগাদ করে তা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস), যুগ্মসচিব কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা<br>এবং<br>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশন |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৮। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) বাস্তবায়ন:**<br>(ক) উপপ্রধান ও তদূর্ধ্ব কর্মকর্তাদের নিয়মিত প্রকল্প পরিদর্শন করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পরিদর্শন প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রণীত প্রতিবেদনে প্রকল্পের সমস্যাসমূহ ও তা থেকে উত্তরণের পরামর্শ/সুপারিশ উল্লেখ করতে হবে।<br><br>(খ) এপিএ শাখায় প্রতিবেদনের অনুলিপি প্রেরণ করতে হবে। | (ক) ১ম ত্রৈমাসিক পর্যন্ত ১০টি পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে এবং অনুলিপি এপিএ শাখায় প্রেরণ করা হয়েছে। ২য় ত্রৈমাসিকে অদ্যাবধি ১৩টি পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে।<br><br>(খ) বিআইডিএসের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। | মহাপরিচালক (বিআইডিএস)/ যুগ্মসচিব (বাজেট, এপিএ ও প্রশিক্ষণ) এবং এনআইএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৯। | **এপিএ লক্ষ্যমাত্রা বাস্তবায়ন:**<br>ক) ডিসেম্বর'২৩ এর মধ্যে বিআইডিএস কর্তৃক জাতীয়/ আন্তর্জাতিক জার্নালে ১০টি প্রবন্ধ প্রকাশ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) ডিসেম্বর'২৩ এর মধ্যে পরিকল্পনা কমিশন কর্তৃক ৩টি লার্নিং সেশন আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) এপিএর অন্যান্য লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | (ক) বিআইডিএস কর্তৃক জাতীয়/আন্তর্জাতিক জার্নালে নভেম্বর ২৩ পর্যন্ত ১০টি প্রবন্ধ প্রকাশিত হয়েছে।<br><br>খ) ডিসেম্বর'২৩ এর মধ্যে পরিকল্পনা কমিশন কর্তৃক ৩টি লার্নিং সেশন আয়োজন করা হয়েছে।<br><br>গ) এপিএর অন্যান্য লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | যুগ্মসচিব (বাজেট ও এপিএ) ও উপসচিব কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| ২০। | **বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী ও সচেতনতা বৃদ্ধি:**<br>অফিস কক্ষ ত্যাগ করার সময় আবশ্যিকভাবে কক্ষের এসি, লাইট ও ফ্যান বন্ধ করে কক্ষ ত্যাগ করতে হবে। | সিদ্ধান্তটি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) এবং গণপূর্ত ই/এম বিভাগ হতে নিয়মিতভাবে পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কক্ষসমূহ মনিটরিং করা হচ্ছে। | যুগ্মসচিব (প্রশাসন) এবং উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত ই/এম বিভাগ-১৪) শেরেবাংলা নগর, ঢাকা |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২১। | **পরিকল্পনা কমিশন চত্বরের নিরাপত্তা জোরদারকরণ:**<br>(ক) পরিকল্পনা কমিশন চত্বরের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং পুলিশ সদস্য বৃদ্ধি করতে হবে।<br><br>(খ) গণপূর্ত এবং স্থাপত্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে পরিকল্পনা কমিশন চত্বরের বিদ্যমান অবকাঠামোর সাথে সামঞ্জস্য রেখে জনতা ব্যাংকের জন্য একটি আলাদা দৃষ্টিনন্দন পকেট গেইট তৈরির কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) পরিকল্পনা কমিশন চত্বরের পুলিশ ইনচার্জকে সার্বিক নিরাপত্তা জোরদারকরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে এবং যথাযথভাবে পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>(খ) জনতা ব্যাংকের গ্রাহকদের জন্য আলাদা একটি পকেট গেইট তৈরির কার্যক্রম চলমান রয়েছে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ/নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত বিভাগ-২/ উপপুলিশ পরিদর্শক পরিকল্পনা কমিশন চত্বর |
| ২২। | **ডিজিটাল হাজিরা:**<br>(ক) সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্ধারিত অফিস সময়ে অফিসে উপস্থিত হতে হবে এবং ডিজিটাল হাজিরা মেশিনে উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br><br>(খ) প্রাপ্ত Specification অনুযায়ী আধুনিক ফিচার সম্বলিত নতুন ডিজিটাল হাজিরা সিস্টেম ক্রয় ও স্থাপন করতে হবে। | (ক) ডিজিটাল হাজিরা মেশিনে কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে।<br><br>(খ) আধুনিক ফিচার সম্বলিত নতুন ডিজিটাল হাজিরা সিস্টেম ক্রয়ের নিমিত্ত প্রাক্কলন চেয়ে টেশিস (টেলিফোন শিল্প সংস্থা লিঃ) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে (লিংকে সংযুক্ত)। | যুগ্মসচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ |
| ২৩। | **মেডিকেল সেন্টার স্থাপন:**<br>মেডিকেল সেন্টারের জন্য চাহিদা মোতাবেক নতুন আসবাবপত্র সরবরাহ করতে হবে। | মেডিকেল সেন্টারের জন্য চাহিদা মোতাবেক স্বাস্থ্য কেন্দ্রে আসবাবপত্র/মালামাল সরবরাহের লক্ষ্যে ০৭ ডিসেম্বর ২০২৩ তারিখ BROTHERS FURNITURE বরাবর Purchase Order (ক্রয়াদেশ) প্রেরণ করা হয়েছে (লিংকে সংযুক্ত)। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ ও মেডিকেল অফিসার পরিকল্পনা কমিশন চত্বর |
| ২৪। | **পরিকল্পনা কমিশনের কক্ষসমূহ সংস্কার/মেরামত:**<br>পরিকল্পনা কমিশনের সদস্য এবং প্রধানদের অনুকূলে বরাদ্দকৃত কক্ষসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যথাযথভাবে সংস্কার ও মেরামত করতে হবে। | উক্ত বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) এর আলোচনা হয়েছে। পরবর্তী নির্দেশনা পেলে সিদ্ধান্তটি বাস্তবায়ন করা হবে। | উপ-বিভাগীয় প্রকৌশলী (গণপূর্ত সিভিল), পরিকল্পনা কমিশন |

| ক্রমিক | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৫। | **এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদান:** মন্ত্রিপরিষদ বিভাগ এবং a2i এর সাথে যোগাযোগ করে এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট নাগরিক সেবা ডিজিটাইজড করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ডিজিটাইজকৃত নাগরিক সেবাকে 'মাইগভ' প্লাটফর্মে ইন্টিগ্রেশন করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং a2i এর সাথে যোগাযোগের করা হয়েছে। a2i এর নির্দেশনা অনুযায়ী 'মাইগভ' প্লাটফর্ম কার্যকরী করার জন্য ১৫/১১/২০২৩ তারিখ একটি সভা আয়োজন করা হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সেবাসমূহকে 'মাইগভ' প্ল্যাটফর্মে ডিজিটাল সেবায় রূপান্তর বিষয়ে একটি কর্মশালা আয়োজন করা হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>পরিকল্পনা বিভাগ<br>ও<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>পরিকল্পনা বিভাগ |
| ২৬। | **অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় অবহিতকরণ :** | | |

(মোঃ আনোয়ার উজ জামান)
সিনিয়র সহকারী সচিব